# ২০২৪

# বাংলা

## (সাম্মানিক)

## ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)

## ষষ্ঠ সেমেস্টার

## কোর্স কোড : BENG-H-DSE-T-4

## (বাংলা ও প্রাদেশিক সাহিত্য)

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) ‘মেয়ে মানুষের গোঁ ভাঙাতে পারব না তো পুরুষ কিসের’— কে, কার সম্পর্কে একথা বলেছে? একথা বলার কারণ কী?

খ) ‘ভেন্ন’ গল্পের লেখক কে? তাঁর লেখা দুটি গ্রন্থের নাম লেখো।

গ) ‘আমি মরে গেলে চিতায় আমকে চিৎ করে শোয়াবে না।’— কে, কার কাছে এই ইচ্ছা প্রকাশ করেছে? এরূপ ইচ্ছা প্রকাশের কারণ কী?

ঘ) লুটন সিং বিজয়ী হবার পর রাজাসাহেব তাকে কী বলেছিলেন? রাজাসাহেব কী দিয়ে লুটন সিংকে পুরস্কৃত করেছিলেন?

ঙ) জঞ্জাল-বুড়ো কত বছর আবর্জনার টবের ধারে বসে জীবন কাটিয়েছিল? কেন তাকে এই পথ বেছে নিতে হয়েছিল?

(পরের পাতায়)

চ) জঞ্জাল-বুড়োর স্ত্রীর নাম কী? তার স্ত্রী তাকে ছেড়ে কার সাথে এবং কেন চলে গেছে?

ছ) 'বস্তুত এরা প্রত্যেকেই প্রত্যেকের আশ্রয়।'— কোন গল্পে কাদের সম্পর্কে একথা বলা হয়েছে? কেন এবং কীভাবে তারা একে অপরের আশ্রয় হয়ে উঠেছিল?

জ) 'ভয়ংকর সেই দৃশ্য প্রত্যক্ষ করে চিৎকার করে কেঁদে উঠল মেয়েটি।'— 'মেয়েটি'র পরিচয় দাও। এরপর কী ঘটেছিল?

ঝ) 'ময়লা আঁচল' উপন্যাসের লেখক কে? তাঁর লেখা অপর দুটি গ্রন্থের নাম লেখো।

ঞ) মহন্তর মৃত্যু গ্রামবাসীদের মনে কীরূপ প্রতিক্রিয়া ফেলেছিল?

ট) 'ময়লা আঁচল' উপন্যাসের দুটি পুরুষ চরিত্র ও দুটি নারী চরিত্রের নাম লেখো।

ঠ) ডাক্তার কেন গ্রেপ্তার হয়? ডাক্তারের গ্রেপ্তারীতে গ্রামে কোন ধরনের গুজব ছড়ায়?

ড) 'চোপ! আদালত চলছে' নাটকে কে কোন চরিত্রে অভিনয় করেছিল?

ঢ) বেনারে ছোটবেলায় নিজের বইয়ের নতুন মলাটের উপর কী লিখে রাখত?

ণ) সুখাত্বে ভ্রূণ হত্যার বিপক্ষে কী বলেছিল?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'ময়লা আঁচল' উপন্যাসে বর্ণবৈষম্যের যে ছবি দেখানো হয়েছে তা আলোচনা করো।



খ) 'ময়লা আঁচল' উপন্যাসে মাস্টারজির চরিত্র আলোচনা করো।

গ) 'ভেন্ন' গল্পটিতে রঘু কে? এই গল্পে রঘুর চরিত্রের বিভিন্ন দিকগুলি পর্যালোচনা করো।

ঘ) 'বিশ্বের সমুদয় প্রেম কাব্যের তাৎপর্য যেন লুকিয়ে আছে ওই দুটি মাত্র শব্দে।'— কোন দুটি শব্দের কথা বলা হয়েছে? শব্দ দুটি কখন উচ্চারিত হয়েছে? ঘটনার পরিণতি কী হয়েছিল? ১+২+২=৫

ঙ) 'চোপ! আদালত চলছে' নাটকটিতে কীসের আদালত বসেছিল? নাটকে ভ্রূণ হত্যার বিপক্ষে সুখাত্মের বলা ঘটনাটি নাটকের পক্ষে কতখানি আবশ্যক তা ব্যাখ্যা করো। ১+৪

চ) নাট্যকার লীলা বেনারে চরিত্রের মধ্য দিয়ে আমাদের মতো দেশের সমাজে নারীর অবস্থান সম্পর্কে কীভাবে সচেতন করতে চেয়েছেন তা আলোচনা করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'ময়লা আঁচল' উপন্যাসে রাজনীতির ছায়া কীভাবে পড়েছে তা বুঝিয়ে দাও।

খ) 'জঞ্জাল-বুড়ো' গল্পে জঞ্জাল-বুড়োর চরিত্র বিশ্লেষণ করো।

গ) 'পালোয়ানের ঢোলক' গল্পে একদিকে অজানা মহামারী অন্য দিকে পালোয়ানের উত্থান-পতন কীভাবে দেখানো হয়েছে তা আলোচনা করো।

ঘ) 'চোপ! আদালত চলছে' নাটকে সমাজবাস্তবতার প্রতিফলন কীভাবে ঘটেছে তা সংক্ষেপে বিবৃত করো।

---